প্রসপেক্টাস-২০২১

دليل الطالب

আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ

الجامعة السلفية بدانغيبارا، فابا، شاه مخدوم، راجشاهي

(একটি মানসম্মত ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান)

ডাঙ্গীপাড়া, পবা, শাহ্‌মখদুম, রাজশাহী

সার্বিক যোগাযোগ: ০১৭২৪ ৩৮৪৮৫৫, ০১৭৮৭ ০২৫০৬০, ০১৭৭৬ ৬৩২৩৬২

ই-মেইল: jamiahsalafiahraj@gmail.com

www.jamiahsalafiyah.org

اَلْحَمْدُ لِلّٰهِ وَحْدَهُ وَالصَّلَاةُ وَ السَّلَامُ عَلَى مَنْ لَا نَبِيَّ بَعْدَهُ، أَمَّا بَعْدُ :

ভূমিকা

শিক্ষা মানব সমাজের সবচেয়ে মূল্যবান বিষয়। ভাল চাকরি প্রাপ্তি, দারিদ্র্যমুক্ত সমাজ প্রতিষ্ঠা, উন্নত দেশ গঠন, সভ্যজাতি বিনির্মাণ সবকিছুর মূলমন্ত্র হচ্ছে শিক্ষা। বর্তমানে দেশে আগের তুলনায় শিক্ষার হার অনেক বেড়েছে। এখন সবাই শিক্ষার গুরুত্ব বুঝে। পিতা-মাতা নিজের অর্জিত অধিকাংশ সম্পদ সন্তানের লেখাপড়ায় ব্যয় করেন। এস.এস.সি, এইচ.এস.সি পরীক্ষায় সন্তানের জি.পি.এ-৫ অর্জনের জন্য নির্দ্বিধায় টাকা ব্যয় করে যান। তাদেরকে বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে ভর্তি করাতে লক্ষ লক্ষ টাকা খরচ করেন। আইন, চিকিৎসা বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং, বি.বি.এ, এম.বি.এ ইত্যাদি বিষয়ে উচ্চ ডিগ্রি অর্জনের জন্য তাদের বিদেশে পাঠান। কিন্তু এত কিছুর ফলাফল কী?
সম্মানিত অভিভাবক! যদিও আমরা সাধারণ শিক্ষাকে 'না' বলছি না। কিন্তু একটি ভাল চাকরিই কি শিক্ষার মূল লক্ষ্য? বাড়ি-গাড়ি, জায়গা-জমি, অঢেল সম্পদের মালিক হওয়াই কি শিক্ষার মৌলিক সফলতা? ভাল চাকরি দিয়ে কী হবে? যদি মা-বাবাকে বৃদ্ধাশ্রমে ধুঁকে ধুঁকে মরতে হয়। বাবার কঠোর পরিশ্রম আর মায়ের অলঙ্কার বিক্রি করা টাকায় পড়াশোনা করে যদি তাদেরকেই অবমূল্যায়ন করা হয়, তাহলে চাকরি দিয়ে লাভ কী? স্ত্রী যদি নিজের স্বামী ও সন্তান ফেলে অন্যত্র চলে যায়, তবে বাড়ি-গাড়ি দিয়ে কী হবে? উন্নত চাকরি যদি ব্যক্তি, পরিবার ও সমাজ জীবনে শান্তি বয়ে আনতে না পারে, তাহলে সেই চাকরিরই বা অর্থ কী?

মূলত বৃটিশ প্রবর্তিত বস্তুবাদী শিক্ষানীতির বিষাক্ত আগ্রাসনই এর জন্য দায়ী। মনুষ্য উদ্ভাবিত তথাকথিত সাধারণ বা আধুনিক শিক্ষানীতির ভয়ংকর থাবায় এ দেশের কোমলমতি শিক্ষার্থীদের হৃদয় আজ ক্ষত-বিক্ষত। আধুনিকতা, প্রগতি ও তথ্য প্রযুক্তির এই বৈপ্লবিক যুগে নিয়ন্ত্রণহীন পারিবারিক কাঠামো ও ভঙ্গুর সমাজ ব্যবস্থা, লজ্জাহীনতার উন্মুক্ততা, অবাধ স্বাধীনতা ও যৌন উচ্ছৃঙ্খলতার হিংস্র ছোবলে বর্তমান প্রজন্মের চেতনা আজ বিকারগ্রস্ত। দুনিয়ার চাকচিক্য, অর্থের প্রতি অত্যাধিক মোহ, বস্তুবাদী চিন্তাধারা ও সাম্রাজ্যবাদী বিজাতীয় গোষ্ঠীর চালু করা নোংরা অপসংস্কৃতির চর্চায় ভবিষ্যৎ প্রজন্মের উন্নত, সুন্দর ও ভারসাম্যপূর্ণ সুষ্ঠু বিকাশ আজ চরম বাধার সম্মুখীন, যা সত্যিই উদ্বেগজনক!

মুসলিম সমাজ আজ দুর্নীতি, দুরাচার, খুন-খারাবি, অন্যায়-অপকর্ম, পাপ-পঙ্কিলতার মধ্যে নিমজ্জিত। এদেশের শিক্ষিতরাই বেশি দুর্নীতি করে থাকে। খুনের

রাজনীতিতে তারাই জড়িত। নিজের স্বার্থ হাছিলের জন্য আপন ভাই এমনকি পিতা-মাতার গলায় ছুরি চালাতেও তারা কুণ্ঠাবোধ করে না। শিক্ষিতের সংখ্যা ক্রমান্বয়ে বাড়ছে, কিন্তু বাড়ছে না প্রকৃত শিক্ষিতের সংখ্যা। ফলে বৃদ্ধি পাচ্ছে অশান্তি আর অরাজকতা। পত্রিকা খুললেই চোখে পড়ে ছাত্র সমাজের নানা অন্যায়-অনৈতিকতা এবং তাদের অপরাধ প্রবণতার কথা। মদ, গাঁজা, ইয়াবা, ছিনতাই, অপহরণ, ধর্ষণ, গুম-খুন ইত্যাদির মত জঘন্য অপরাধের সাথে তাদের সম্পৃক্ততার খবর। তারাই তো নেতার নির্দেশে উন্মুক্ত অস্ত্র হাতে শিক্ষাপ্রতিষ্ঠানে ত্রাস সৃষ্টি করে। তৈরী করে শিক্ষার অনুপযুক্ত পরিবেশ। অবশেষে তারাই শিক্ষার বড় বড় ডিগ্রী নিয়ে আত্মপ্রকাশ করে এবং সমাজ ও রাষ্ট্র পরিচালনায় ভূমিকা রাখে। ফলে, স্বাভাবিকভাবেই তারা তাদের লালিত নোংরা আদর্শের ভিত্তিতে রাষ্ট্র পরিচালনা করে থাকে। তাই তো সমাজের আজ এই করুণ পরিণতি!

সম্মানিত সুধী! আমরা মনে করি, উপর্যুক্ত পরিস্থিতি থেকে মুসলিম জাতিকে উদ্ধার করতে পারে একমাত্র দ্বীনী শিক্ষা। কেননা আধুনিক শিক্ষা দুনিয়ায় সমৃদ্ধি আনয়ন করলেও সুখ ও শান্তি সেখানে থাকে সম্পূর্ণ অনুপস্থিত। পক্ষান্তরে দ্বীনী শিক্ষা একজন মানুষের দুনিয়া ও পরকাল উভয় জীবনকে করে তোলে সমৃদ্ধশালী। মানুষের শারীরিক চিকিৎসার জন্য যেমন ডাক্তারের প্রয়োজন হয়, তেমনি অপরাধপ্রবণ বস্তুবাদী মানুষগুলোকে সুস্থ করার জন্য প্রয়োজন হয় ধর্মীয় ডাক্তারের। আধুনিক শিক্ষার ফল সাময়িক ও অনেক ক্ষেত্রে তা মিথ্যার উপর প্রতিষ্ঠিত। পক্ষান্তরে, দ্বীনী শিক্ষার ফলাফল স্থায়ী ও সত্যের উপর প্রতিষ্ঠিত, যা দুনিয়া ও আখেরাতে কল্যাণ বয়ে আনে। অতএব, সমাজে শান্তির জন্য দ্বীনী শিক্ষার কোনো বিকল্প নেই। ধর্মীয় বা দ্বীনী শিক্ষাই হচ্ছে আসল শিক্ষা।

আরেকটি বিষয় লক্ষ্যণীয়, আমাদের দেশে যেমন হাদীছ গ্রন্থের পর্যাপ্ত বাংলা অনুবাদ প্রকাশিত হয়নি, তেমনি ইসলামের বিভিন্ন দিক ও বিভাগের উপর সুন্দর এবং মৌলিক গ্রন্থও রচিত হয়নি। বর্তমানে রাসূল (ছাঃ)-এর জীবনীগ্রন্থ ছাড়া ইসলামের ইতিহাসের উপর গ্রহণযোগ্য ও পূর্ণাঙ্গ কোনো বই পাওয়া যায় না। ইসলামী অর্থনীতির উপর গ্রন্থ তো শূন্যের কোঠায়। তাছাড়া কুরআনের তাফসীর, হাদীছের তাহক্বীক্ব, ব্যাখ্যা, ফতওয়া সংকলন এগুলোর অবস্থা তো আরও করুণ। আপনি বলতে পারেন, তাহলে এতদিন থেকে দেশের মাদরাসাগুলো কী করেছে? সত্যি বলতে কি মাদরাসাগুলোতে শিক্ষার ক্ষেত্রে সৃজনশীলতার অভাব আছে। ধর্মীয় গোঁড়ামি আর পূর্বপুরুষদের আদর্শের দোহাই দিয়ে কুরআন-হাদীছকে এড়িয়ে যাওয়া হয়। ইসলামকে নিজের মন মত করে বুঝার অপচেষ্টা এখনও চলছে। ইসলামের

নামে বিভিন্ন ভ্রান্ত ফের্কা আবিষ্কারের মাধ্যমে মানুষকে ইসলামবিমুখ করার ষড়যন্ত্র অব্যাহত রয়েছে। এক শ্রেণির আলেম প্রকৃত ইসলামকে শিরক-বিদ‘আত দ্বারা কলুষিত করার ঘৃণ্য কর্মে লিপ্ত আছে। তাইতো এদেশে বিভিন্ন মাযার-খানকা-দরগা গড়ে উঠেছে। যার মাধ্যমে সরলমনা মুসলিম জনসাধারণকে একদিকে যেমন ঈমান শূন্য করা হচ্ছে, অন্যদিকে প্রতারণার আশ্রয় নিয়ে সেগুলোকে জমজমাট ব্যবসাকেন্দ্রে পরিণত করেছে। মূলত পীর-মুরিদীর নামে চলছে বিনা পুঁজির লাভজনক ব্যবসা। এগুলো সবই প্রকৃত দ্বীনী শিক্ষা না থাকার ফল।

সুতরাং এদেশে প্রয়োজন এমন শিক্ষা প্রতিষ্ঠান, যা সাড়ে চৌদ্দশত বছর পূর্বের শিরক-বিদ‘আত মুক্ত ইসলামকে সমাজে প্রতিষ্ঠা করবে। যে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা হবে সত্য ও ন্যায়ের উজ্জ্বল নক্ষত্র। পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের আদর্শে উজ্জীবিত দুর্জয় কাণ্ডারী। সালাফে-ছালেহীনের আদর্শের ধারক-বাহক এবং ইসলামের বিশুদ্ধ আক্বীদা রক্ষার অতন্দ্রপ্রহরী। তারা মানুষের কল্যাণে নিজের জীবনকে উৎসর্গ করবে। কথা, কলম ও মিডিয়ার মাধ্যমে ইসলামের খেদমতে ভূমিকা রাখবে। তারা আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে ইসলামের জন্য ব্যবহারে কৌশলী হবে এবং ইসলাম বিদ্বেষীদের অপব্যাখ্যার উপযুক্ত জবাবদানে সক্ষম হবে। একবিংশ শতাব্দীতে ইসলাম বিরোধী যে কোনো চ্যালেঞ্জ মোকাবিলা করতে সক্ষম হবে। সমকালীন জীবনের যে কোনো চাহিদা পূরণে তারা হবে পূর্ণ পারদর্শী। মিথ্যা ও ভ্রান্তি থেকে উত্তরণের ক্ষেত্রে মুক্তিকামী মানুষের আস্থার প্রতীক। প্রগতি ও অবাধ স্বাধীনতার বিষাক্ত ছোবলে আক্রান্ত জনতাকে তারা মুক্তির মোহনায় পৌঁছিয়ে দেবে এবং পাপ-পঙ্কিলতা আর অন্যায়ে নিমজ্জিত জনগোষ্ঠীকে ইসলামের ছায়াতলে আশ্রয় দেবে। এই প্রতিষ্ঠান থেকে লেখক, গবেষক, বাগ্মী বের হবে এবং কুরআন ও ছহীহ হাদীছের পতাকা নিয়ে দেশে-বিদেশে ছুটে বেড়াবে। বাংলাদেশসহ বিশ্বের প্রতিটি ঘরে ঘরে সত্যিকার ইসলামের দা‘ওয়াত পৌঁছানোর বিরামহীন প্রচেষ্টা চালাবে।

তাই **শায়খ আব্দুর রাযযাক বিন ইউসুফ** এরকমই প্রতিষ্ঠানের স্বপ্ন নিয়ে ২০১৩ সালের ২৪ আগস্ট হাটাব, বীরহাটাব-বিরাব, রূপগঞ্জ, নারায়ণগঞ্জে এবং ২০১৬ সালের ১৭ ফেব্রুয়ারি ডাঙ্গীপাড়া, পবা, শাহ্মখদুম, রাজশাহীতে মানসম্মত ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে **‘আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ’** নামে বালক ও বালিকা শাখা সম্বলিত পৃথক পৃথক দুটি প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেন। *ফালিল্লাহিল হাম্‌দ*।

লক্ষ্য ও উদ্দেশ্য

১. পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের জ্ঞানার্জন এবং তদানুযায়ী আমলের মাধ্যমে ইহকালীন শান্তি ও পরকালীন মুক্তি লাভ।
২. সালাফে ছালেহীনের মাস্‌লাক অনুসারে পবিত্র কুরআন ও ছহীহ হাদীছের সঠিক ব্যাখ্যা প্রদান।
৩. ইসলামের নির্ভেজাল রূপ জনগণের সামনে তুলে ধরা এবং ইসলামের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের যথাযথ জবাবদানের জন্য আল্লাহভীরু যোগ্য আলেম, লেখক, গবেষক, অনুবাদক, দাঈ ও বাগ্মী তৈরি করা।
৪. সমাজ ও রাষ্ট্র পরিচালনার জন্য এবং সকল অবস্থায় মুসলিম জাতিকে সঠিক দিক-নির্দেশনা দানের জন্য উপযুক্ত নেতৃত্ব তৈরি করা।
৫. মুসলিমদের মধ্যকার বিশেষ করে বিভিন্ন ইসলামী সংগঠনের মাঝে ইখতিলাফ ও ইফতিরাক দূর করা। এক কথায় 'ইত্তিহাদে উম্মাহ' তথা মুসলিম ঐক্যের প্রচেষ্টা চালানো।

প্রতিষ্ঠানটির অবস্থান

রাজশাহী মহানগরীর নওদাপাড়া (আমচত্বর) ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রায় দুই কিলোমিটার পূর্বদিকে শাহ্‌মখদুম থানার পবা পোস্ট অফিসের অন্তর্গত ডাঙ্গীপাড়া গ্রামে এক মনোরম পরিবেশে প্রতিষ্ঠানটি অবস্থিত।

জামিআহ'তে আসবেন যেভাবে

রাজশাহী রেল স্টেশন/পুরাতন বাস টার্মিনাল থেকে রেলগেট হয়ে নওদাপাড়া (আমচত্বর) হয়ে ইসলামী ব্যাংক মেডিকেল কলেজ হাসপাতাল হতে পূর্বদিকে কুচপাড়া হয়ে ডাঙ্গীপাড়া। অথবা ভুগরইল ভূমি অফিসের মোড় হতে পূর্বদিকে ডাঙ্গীপাড়া। অথবা নওদাপাড়া আমচত্বর থেকে পূর্ব দিকে এক কিলোমিটার এগিয়ে খলিল সরকারের মোড় হয়ে কুচপাড়া হয়ে ডাঙ্গীপাড়া।

● জামি'আহ-র শিক্ষা কোর্স

জামি'আহ-র শিক্ষা কোর্স মোট ৪ স্তরে বিভক্ত হবে।

১. ইবতেদায়িয়্যাহ বা প্রাথমিক	= ৬ বছর
২. মুতাওয়াসসিত্বাহ্ বা মাধ্যমিক	= ৫ বছর
৩. ছানাবিয়্যাহ বা উচ্চ মাধ্যমিক	= ২ বছর
৪. ফাযিলিয়্যাত/দাওরা বা উচ্চতর	= ২ বছর
সর্বমোট	**= ১৫ বছর**

● বৈশিষ্ট্যসমূহ

১. দেশি-বিদেশি প্রতিষ্ঠান সমূহের উন্নত সিলেবাসের সমন্বয়ে প্রণীত নির্ধারিত নিজস্ব সিলেবাসের আলোকে পাঠদান।

২. দেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উচ্চতর ডিগ্রিপ্রাপ্ত দক্ষ, অভিজ্ঞ, প্রাজ্ঞ, পরিশ্রমী ও নিবেদিতপ্রাণ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত।

৩. আবাসিক হল সর্বদা শিক্ষকমণ্ডলী দ্বারা তত্ত্বাবধানের সুব্যবস্থা।

৪. দৈনিক তিনবার 'আদর্শ খাবার' তথা নিরামিষের পাশাপাশি আমিষজাতীয় খাবারের ব্যবস্থা।

৫. কুরআন ও হাদীছের উপর গভীর জ্ঞান অর্জনের পাশাপাশি আরবী ও ইংরেজি ভাষার পূর্ণ দক্ষতা অর্জনের সুযোগ।

৬. স্বাস্থ্যসম্মত মনোরম পরিবেশ ও শরীর চর্চার জন্য উন্মুক্ত বিশাল খেলার মাঠ।

৭. গভীর নলকূপের মাধ্যমে আর্সেনিকমুক্ত বিশুদ্ধ পানির ব্যবস্থা।

৮. সার্বক্ষণিক বিদ্যুতের ব্যবস্থা।

৯. নির্দিষ্ট ক্লাসে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা। (প্রস্তাবিত)

১০. আরবী, বাংলা ও ইংরেজি বই সমৃদ্ধ লাইব্রেরি।

১১. ক্লাস পরবর্তী কোচিং-এর বিকল্প হিসাবে আবাসিক শিক্ষকমণ্ডলী কর্তৃক শিক্ষার্থীদের লেখাপড়ার সার্বক্ষণিক তদারকীর সুব্যবস্থা।

১২. সুপ্ত মেধা বিকাশের জন্য 'কো-কারিকুলাম' কার্যক্রম পরিচালনা।

১৩. আরবী, বাংলা ও ইংরেজিতে কথোপকথন ও বক্তৃতাদানের দক্ষতা অর্জনের জন্য পৃথক প্রশিক্ষণের তথা সাপ্তাহিক ইসলাহুল বায়ানের ব্যবস্থা।

১৪. প্রতি বছর একাডেমিক ক্যালেন্ডার প্রণয়ন এবং তার সাথে সমন্বয় করে পাঠ পরিকল্পনা প্রণয়ন।
১৫. স্বাস্থ্যসম্মত, সুন্দর ও উন্নতমানের আবাসিক হলের সুব্যবস্থা।
১৬. বিশুদ্ধভাবে কুরআন তেলাওয়াত ও হিফযের ব্যবস্থা।
১৭. সমাপনী, জে.ডি.সি, দাখিল ও আলিম পরীক্ষার জন্য বিশেষ তত্ত্বাবধান।
১৮. উপস্থিত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতার আয়োজন।
১৯. অমনোযোগী শিক্ষার্থীদের জন্য আলাদা তত্ত্বাবধান।
২০. প্রচলিত রাজনীতিমুক্ত নিরাপদ পরিবেশ।
২১. নিয়মিত খেলাধুলা, সাংস্কৃতিক কার্যক্রম, বার্ষিক ক্রীড়া ও গ্রন্থপাঠ প্রতিযোগিতা।
২২. প্রাথমিক চিকিৎসার সুব্যবস্থা।

● পাঠ্যক্রম

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, উপমহাদেশের বিখ্যাত ক্বওমী প্রতিষ্ঠানসমূহ ও মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের সিলেবাসসমূহের সমন্বয়ে প্রণীত পৃথক সিলেবাস।

● অভিভাবকগণের দায়িত্ব

১. অভিভাবকগণ সন্তানের লেখাপড়ার খোঁজ-খবর রাখবেন এবং মাসিক প্রদেয় ফি সমূহ যথাসময়ে প্রদান করবেন।
২. প্রতিষ্ঠানের নিয়ম-কানুন মেনে চলতে শিক্ষার্থীদেরকে উৎসাহিত করবেন।
৩. নির্ধারিত সময় ছাড়া অভিভাবকগণ সন্তানের সাথে সাক্ষাৎ বা ফোনে যোগাযোগ করতে পারবেন না।
৪. অভিভাবকগণ শিক্ষার্থীদের কক্ষে অবস্থান করতে পারবেন না।
৫. অভিভাবকগণ যে কোনো অভিযোগ বা পরামর্শ অভিযোগ বক্সে অথবা অধ্যক্ষ বরাবর অফিসে জানাবেন। প্রতিষ্ঠানের উন্নতির স্বার্থে তাঁদের সুপরামর্শ সাদরে গৃহীত হবে।
৬. প্রতিষ্ঠান কর্তৃক আয়োজিত মতবিনিময় সভায় অভিভাবকের উপস্থিতি একান্ত কাম্য।

● আবনায়ে জামি‘আহ

‘আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ’-এর শিক্ষার্থীদের নিয়ে একটি কমিটি থাকবে, যার পরিচালনায় থাকবেন দায়িত্বশীল শিক্ষকমণ্ডলী। উক্ত কমিটির অধীনে দুটি শাখা থাকবে। একটি জামি‘আহতে পাঠরত শিক্ষার্থীদের নিয়ে গঠিত। অন্যটি জামি‘আহ থেকে শিক্ষা

সমাপন করা শিক্ষার্থীদের নিয়ে গঠিত, যারা দেশের ভেতরে বা বাইরে নিজ নিজ কর্মস্থলে নিয়োজিত আছেন।
আবনার অধীনে শিক্ষার্থীদের প্রতিভা বিকাশমূলক বিভিন্ন কার্যক্রমের আয়োজন করা হবে। যেমন-দা'ওয়াতী প্রোগ্রাম, পত্রিকা ও দেয়ালিকা প্রকাশ, উপস্থাপনা ইত্যাদি।

● বক্তব্য প্রশিক্ষণের বিশেষ কর্মসূচি

প্রতি সপ্তাহে বক্তব্য প্রশিক্ষণের ক্লাস হবে এবং এটি প্রতিষ্ঠানের আবশ্যিক ক্লাস হিসাবে গণ্য হবে। এই প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ের উপর প্রতিটি শিক্ষার্থীকে পর্যায়ক্রমে বাংলা, ইংরেজি ও আরবীতে বাধ্যতামূলকভাবে বক্তব্য দিতে হবে। এসব বক্তব্যের উপর নম্বর থাকবে, যা পরীক্ষার ফলাফলের সাথে যুক্ত হবে। বক্তব্যের মান অনুযায়ী নম্বর প্রদান করা হবে। এসব বক্তব্য প্রশিক্ষণ ক্লাসে কোনো শিক্ষার্থী অনুপস্থিত থাকলে সে কোন নম্বর পাবে না, যা তার পরীক্ষার ফলাফলে প্রভাব ফেলবে। বক্তব্য প্রশিক্ষণের জন্য **৫০ নম্বর** নির্ধারিত থাকবে।

বক্তব্য প্রশিক্ষণের আয়োজন করবে 'আবনায়ে জামি'আহ' এবং পর্যালোচনায় থাকবেন নির্ধারিত শিক্ষকমণ্ডলী।

● উন্নত চরিত্র গঠনের প্রতি বিশেষ গুরুত্বারোপ

চরিত্র মানুষের অমূল্য সম্পদ। শিক্ষার অন্যতম মৌলিক উদ্দেশ্য উন্নত চরিত্র গঠন। তাই জামি'আহ শিক্ষার্থীদের সুন্দর চরিত্র গঠনের প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে থাকে। সে কারণে উত্তম আদর্শ ও উন্নত চরিত্রের উপর **৫০ নম্বর** নির্ধারিত থাকবে, যা পরীক্ষার ফলাফলের সাথে যুক্ত হবে।

উল্লেখ্য, বক্তব্য প্রশিক্ষণ তথা ইছলাহুল বায়ান এবং উন্নত চরিত্র গঠন তথা আমল-আখলাক্ব উভয় মিলে ক্লাসের অন্যান্য বিষয়ের মত একটি আলাদা বিষয় হিসাবে গণ্য হবে।

● জামি'আহ-র শিক্ষার্থীদের পোশাক

১. শ্রেণি কক্ষের পোশাক : জামি'আহর নির্ধারিত পাঞ্জাবী, পায়জামা ও সূতার সাদা টুপি।
২. আবাসিক হলের পোশাক : লুঙ্গি বা ঢিলেঢালা যে কোনো ধরনের পোশাক। হাফ বা ফুল হাতা গোল-গলা গেঞ্জি। কলার ওয়ালা বা অশালীন যে কোনো পোশাক নিষিদ্ধ।

● ভর্তি পরীক্ষার প্রস্তুতি বিষয়ক নির্দেশিকা

- ভর্তি পরীক্ষা লিখিত ও মৌখিক হবে।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারীদেরকে মেধার ভিত্তিতে ভর্তি করা হবে।
- যে শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক, তার পূর্বের শ্রেণির পাঠ্যবই থেকে পরীক্ষা নেওয়া হবে।

➢ আরবী, বাংলা, ইংরেজি ও গণিত বিষয়ের উপর পরীক্ষা হবে।

➢ হিফযের ক্ষেত্রে : নুরানী ও কুরআন মাজীদ হতে জিজ্ঞাসা করা হবে।

➢ **ভর্তির উপযুক্ততা (আবাসিক) :** বয়স কমপক্ষে ৭ বছর। [নিজের কাজকর্ম (যেমন : খাওয়া-দাওয়া, প্রসাব-পায়খানা, বিছানাপত্র গোছানো ইত্যাদি) নিজে করতে পারে এমন ছেলে-মেয়ে ভর্তি হতে পারবে। উল্লেখ্য, বিছানায় প্রসাব করে এমন বাচ্চা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।]

● ভর্তি নির্দেশিকা

➢ **ভর্তি ফরমের মূল্য ২০০/- (দুইশত টাকা)।**

➢ **ভর্তি ফরমের সাথে নিম্নের কাগজগুলো সংযুক্ত করতে হবে:**

(ক) জন্মনিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি।
(গ) পিতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের ফটোকপি।
(ঘ) ছাড়পত্র। (প্রযোজ্য ক্ষেত্রে)
(ঙ) প্রশংসাপত্রের ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে)
(চ) নম্বরপত্রের ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে)
(ছ) নাগরিক সনদপত্রের ফটোকপি। (প্রযোজ্য ক্ষেত্রে)

❖ ভর্তি সংক্রান্ত কাগজ পত্র (বিশেষ করে জন্ম নিবন্ধনপত্র, সদ্য তোলা ছবি ও পিতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র) ভর্তির সময়ে জমা দেওয়া না থাকলে ভর্তির ১৫ দিন পর ভর্তি বাতিল হয়ে যাবে।

❖ ১ জানুয়ারি ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য হলে ২ জানুয়ারি থেকে ৬ জানুয়ারির মধ্যে ভর্তি হতে হবে।

❖ ভর্তির নির্ধারিত সময়ে ভর্তি না হলে দিন প্রতি ১০০ টাকা হারে জরিমানা দিয়ে ভর্তি হতে হবে।

❖ ভর্তি ফি-এর সাথে চলতি মাসের খরচ (মাসিক বেতন, ব্যবস্থাপনা ফি ও বোর্ডিং ফি) প্রদান করতে হবে।

❖ ভর্তি ফি বাকি রেখে ভর্তি করানো হবে না।

ভর্তির ধারাবাহিক প্রক্রিয়া

ফরম বিতরণ	: ১ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত
পূরণকৃত ফরম গ্রহণ	: ১ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত
ভর্তি পরীক্ষা (মৌখিক ও লিখিত)	: ১ জানুয়ারি (শুক্রবার), ২০২১ (সকাল ৮/৯ টা হতে শুরু)

ভর্তি পরীক্ষার ফলাফল	: ১ জানুয়ারি (শুক্রবার), ২০২১ (বাদ আছর)
ভর্তি (পুরাতন)	: ২৭ ডিসেম্বর থেকে ৩০ ডিসেম্বর, ২০২০ পর্যন্ত
ভর্তি (নতুন)	: ২ জানুয়ারি থেকে ৬ জানুয়ারি, ২০২১
ক্লাস শুরু	: ৯ জানুয়ারি, ২০২১ (রোজ : শনিবার)

● ক্লাসের সময়সূচি

হিফয বিভাগ :

(ক) ফজরের আযানের ১ ঘণ্টা পূর্ব হতে আযান পর্যন্ত।

(খ) বাদ ফজর হতে সকালের নাস্তা পর্যন্ত।

(গ) সকাল ৮টা হতে সকাল ৯:৩০টা পর্যন্ত।

(ঘ) এরপর গোসল ও বিশ্রাম (ঘুম) দুপুর ১২টা পর্যন্ত।

(ঙ) দুপুর ১২ টা থেকে যোহরের ছালাতের পূর্ব পর্যন্ত আমুখতা ক্লাস।

(চ) দুপুরের খাওয়ার পর হতে আছরের পূর্ব পর্যন্ত আমুখতা ক্লাস।

(ছ) বাদ আছর হতে খেলাধূলার সময়ের পূর্ব পর্যন্ত অডিও-ভিডিও ক্লাস।

(ঞ) বাদ মাগরিব হতে এশা পর্যন্ত ক্লাস (সবক)।

(ট) রাতের খাওয়ার পর ১০টার মধ্যে ঘুমাতে যাওয়া।

কিতাব বিভাগ :

(ক) সকাল ৮টা হতে দুপুর ১২:৪৫টা পর্যন্ত।

(খ) অতিরিক্ত ক্লাস (ছোটদের কুরআন ও তাজভীদ শিক্ষা এবং বড়দের ইংরেজি ও আরবী কথোপকথন) বাদ আছর হতে খেলাধূলার সময়ের/মাগরিব আযানের ৪৫ মিনিট পূর্ব পর্যন্ত।

বি. দ্র. স্কুল বা আলিয়া মাদরাসা থেকে আগত শিক্ষার্থীদের জন্য প্রথম তিন মাস আছরের পর আরবী ও উর্দূ-র বিশেষ ক্লাসের ব্যবস্থা।

● ছুটির নীতিমালা

➢ অসুস্থতা কিংবা জরুরী কোন প্রয়োজনে নিতে হলে দরখাস্ত লিখে শ্রেণি শিক্ষকের বা আবাসিক দায়িত্বশীলের সুপারিশসহ ভাইস প্রিন্সিপ্যাল বরাবর জমা দিতে হবে। দরখাস্ত মঞ্জুর হলে দায়িত্বশীলের নিকট থেকে 'গেট পাশ' নিয়ে প্রতিষ্ঠান ত্যাগ করতে হবে।

➢ নূরানী, হিফয ও শিশু হতে ৬ষ্ঠ শ্রেণি পর্যন্ত ছাত্রদের ছুটি নেওয়ার জন্য অবিভাবক সঙ্গে থাকা আবশ্যক।

➢ বিনা দরখাস্তে ছুটি কাটালে দিনপ্রতি ৫০ টাকা জরিমানা দিতে হবে।

- প্রতিষ্ঠান চলাকালীন সময়ে কোন শিক্ষার্থী সময়ে বিনা ছুটিতে টানা এক মাস বা তার চেয়ে বেশী সময় শ্রেণিতে অনুপস্থিত থাকলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- বিশেষ কোনো উপলক্ষ্যে প্রতিষ্ঠান ছুটি থাকলে, প্রতিষ্ঠান খোলার তারিখে যদি কোনো শিক্ষার্থী অনুপস্থিত থাকে এবং উপযুক্ত কারণ দেখাতে ব্যর্থ হয়, তবে প্রথমদিনের জন্য ২০০ টাকা এবং পরবর্তী দিনগুলোর জন্য দিনপ্রতি ৫০ টাকা হারে জরিমানা দিতে হবে।

● লাইব্রেরি এবং অন্যান্য বইয়ের সুবিধা

১. লাইব্রেরিতে দেশি-বিদেশি বই ও বিভিন্ন পত্রিকার ব্যবস্থা থাকবে।
২. জামি'আহ-র লাইব্রেরিতে মুত্বালা'আ ও গবেষণার সুযোগ থাকবে। গবেষণাকারীদের জন্য লাইব্রেরিতে কম্পিউটার ব্যবহারের সুযোগ থাকবে।
৩. ভর্তির পর শিক্ষার্থীরা লাইব্রেরি হতে বই সংগ্রহ করতে পারবে। সংগৃহীত বই সংশ্লিষ্ট শিক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে।
৪. পরীক্ষা শেষে বই জমা দিবে। অন্যথায় পরীক্ষার ফলাফল স্থগিত রাখা হবে।
৫. বই হারিয়ে গেলে বা ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।

● জামি'আহ-র শিক্ষার্থীদের আচরণবিধি

১. জামি'আহ-র সকল শিক্ষার্থী প্রতিষ্ঠানের নিয়মাবলি মেনে চলবে।
২. জামি'আহ-র সকল শিক্ষার্থী জামা'আতে ছালাত আদায় করবে।
৩. কোনো শিক্ষার্থী কর্তৃক নেশাজাতীয় বা হারাম খাদ্য গ্রহণের প্রমাণ পাওয়া গেলে সে জামি'আহ হতে বহিষ্কৃত হবে।
৪. দায়িত্বশীলের অনুমতি ছাড়া কেউ কোনো ধরনের প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারবে না।
৫. কোনো শিক্ষার্থী কোনো ধরনের সংগঠনের সাথে জড়িত হতে পারবে না। প্রমাণিত হলে সে জামি'আহ হতে বহিষ্কৃত হবে ।
৬. কোনো শিক্ষার্থী জরুরী প্রয়োজন ছাড়া বাজারে যেতে পারবে না। মাগরিবের আযানের ১ ঘণ্টা পূর্বে জামি'আহ-র গেট খোলা হবে। তখন শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় কাজ সেরে নিবে। এছাড়া অন্য সময়ে বাইরে যাওয়ার জরুরী প্রয়োজন হলে দায়িত্বশীল শিক্ষকের নিকট অনুমতি নিয়ে যাবে, তবে ফিরে এসে পুনরায় দায়িত্বশীল শিক্ষককে অবহিত করতে হবে। বাইরে যাওয়ার সময় জামি'আহ-র পোশাক পরিধান করতে হবে এবং বাইরে অবস্থানকালীন জামি'আহ-র পরিচয়পত্র অবশ্যই সংগে রাখতে হবে।
৭. প্রত্যেক শিক্ষার্থী জামি'আহ-র পরিচয়পত্র অবশ্যই সর্বদা সঙ্গে রাখবে।

৮. কোনো শিক্ষার্থী একান্ত প্রয়োজনীয় টাকা ছাড়া অতিরিক্ত টাকা সাথে রাখতে পারবে না। শিক্ষার্থীদের অতিরিক্ত টাকা জমা রাখার জন্য 'স্টুডেন্ট অ্যাকাউন্ট' খোলা হবে। (প্রস্তাবিত)

৯. কোনো শিক্ষার্থী দায়িত্বশীলের অনুমতি ছাড়া আত্মীয়-স্বজন, পরিচিত-অপরিচিত কাউকেও জামি'আহ-র হোস্টেলে থাকার অনুমতি দিতে পারবে না।

১০. প্রতিষ্ঠান কর্তৃক অনুমোদিত ক্লাসের শিক্ষার্থীগণ ছাড়া কোনো শিক্ষার্থী মোবাইল বা কোনো ইলেকট্রনিক্স ডিভাইস কাছে রাখতে পারবে না। প্রয়োজনীয় কথা বলার জন্য অনুমতি সাপেক্ষে অনুমোদিত ক্লাসের শিক্ষার্থীর/জামি'আহ-র মোবাইল ফোন ব্যবহার করবে।

১১. প্রত্যেক শিক্ষার্থী নিজের বিছানা-পত্র, কক্ষ, পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবে। পানির কল, বৈদ্যুতিক বাতি ও ফ্যান যত্নের সাথে ব্যবহার করবে।

১২. কোনো শিক্ষার্থী ইস্ত্রি, হিটার, ওয়াটার হিটার ইত্যাদি ব্যবহার করতে পারবে না।

১৩. ক্লাস চলাকালীন কোনো শিক্ষার্থী কক্ষে অবস্থান করতে পারবে না।

১৪. কোনো শিক্ষার্থী টিউশনি করাতে বা প্রাইভেট পড়াতে পারবে না।

১৫. খাওয়ার জন্য প্রয়োজনীয় থালা, বাটি ইত্যাদির ব্যবস্থা নিজে করবে। মৌসুম অনুযায়ী বিছানা-পত্রের ব্যবস্থা করবে।

● জামি'আহ-র আবাসিক নিয়মাবলি

১. জামা'আতের সাথে ফজরের ছালাত আদায় শেষে কমপক্ষে ১৫ মিনিট দু'আ পাঠ ও কুরআন তেলাওয়াত করবে।

২. সকালের নাস্তা ও গোসলের পূর্ব পর্যন্ত লেখাপড়া করবে এবং নির্ধারিত ইউনিফর্ম পরিধান করে ক্লাসে উপস্থিত হবে।

৩. ক্লাস শেষে যোহরের ছালাত ও দুপুরের খাবার গ্রহণের পর এক ঘণ্টা বিশ্রাম নিবে। অতঃপর আছরের ছালাতের জন্য ১৫ মিনিট পূর্ব থেকে প্রস্তুতি নিয়ে জামা'আতের সাথে আছরের ছালাত আদায় করবে।

৪. আছরের ছালাতের পর থেকে খেলাধুলার ঘণ্টা পড়ার পূর্ব পর্যন্ত লেখাপড়া করবে।

৫. খেলাধুলার জন্য নির্ধারিত সময় হবে ৪৫ মিনিট। এ সময়ের মধ্যে শিক্ষার্থীরা খেলাধুলাসহ প্রয়োজনীয় অন্যান্য কাজ সম্পন্ন করবে এবং অনুমতি নিয়ে বাইরে যেতে পারবে। তবে মাগরিবের আযানের অন্তত ৫ মিনিট পূর্বেই জামি'আহ-তে ফিরে আসবে এবং জামা'আতের সাথে মাগরিবের ছালাত আদায় করবে।

৬. কোনো শিক্ষার্থী মাগরিবের পর থেকে পরের দিন খেলাধুলার ঘণ্টা পড়ার পূর্ব পর্যন্ত জরুরী কারণ ছাড়া জামি'আহ ত্যাগ করতে পারবে না। জামি'আহ থেকে প্রস্থানের পূর্বে ও আগমনের পরে নির্ধারিত খাতায় স্বাক্ষর করবে।

৭. শুধু ছানাবিয়্যাহ ও ফাযিলিয়্যাতের শিক্ষার্থীরা সাধারণ মোবাইল ফোন ব্যবহার করতে পারবে। অন্যান্যরা আছরের পর থেকে মাগরিবের আযানের পূর্ব পর্যন্ত জামি'আহ-র পক্ষ থেকে প্রত্যেক ফ্লোরে নির্দিষ্ট সময়ে সরবরাহকৃত মোবাইল ফোনে অভিভাবকদের সাথে যোগযোগ করতে পারবে।

৮. মাগরিবের পর কমপক্ষে ১৫ মিনিট কুরআন তেলাওয়াত করবে। অতঃপর এশার আযানের পূর্ব পর্যন্ত লেখাপড়া করবে।

৯. রাতের খাবার শেষে ১১টা পর্যন্ত লেখাপড়া করবে। ১১টা-র পরে কক্ষের বাতি বন্ধ করে ঘুমিয়ে যাবে। তবে কেউ চাইলে মসজিদে গিয়ে লেখাপড়া করতে পারবে।

১০. কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বহিরাগত কাউকে নিজ কক্ষে আশ্রয় দেবে না। জরুরী প্রয়োজন ব্যতিত একে অন্যের কক্ষে যাবে না এবং তাদের কোনো কিছু বিনা অনুমতিতে ব্যবহার করবে না।

১১. কোনো সমস্যা হলে হোস্টেল সুপার/আবাসিক শিক্ষক/প্রশাসককে অবহিত করবে।

১২. প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিষ্ঠানের ভিতরে ও বাহিরে সর্বাবস্থায় সুন্নাতের যথাযথ পাবন্দী হতে হবে। বিশেষভাবে দাড়ি গজালে তা রেখে দিতে হবে। অশালীন, অমার্জিত, টাইট ফিট পোশাক-পরিচ্ছদ ও টাখনুর নীচে কোনো কাপড় পরিধান করতে পারবে না।

১৩. হোস্টেলে হিটার, কুকার, লন্ড্রী, টেবিল ফ্যান, রেডিও, ক্যামেরা ও ল্যাপটপসহ কোনো প্রকার ব্যক্তিগত কম্পিউটার ব্যবহার করা যাবে না। তাছাড়া কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কেউ ভোজের আয়োজন করতে পারবে না।

১৪. আবাসিক কোনো শিক্ষার্থী স্বেচ্ছায় নিজ কক্ষ বা সীট পরিবর্তন করতে পারবে না। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কোনো শিক্ষার্থী ক্লাস চলাকালীন আবাসিক কক্ষে অবস্থান করতে পারবে না। কোনো শিক্ষার্থী অসুস্থ হলে বোর্ডিং সুপার/শ্রেণী শিক্ষক/আবাসিক শিক্ষক অথবা জামি'আহ-র অফিসকে অবগত করাতে হবে।

১৬. কোনো শিক্ষার্থী ছালাতের সময় জামা'আতে অনুপস্থিত থাকলে দায়িত্বরত শিক্ষক তার জবাবদিহিতা নিশ্চিত করবেন।

১৭. কোনো শিক্ষার্থীর নৈতিক চরিত্রের (অশ্লীল কথাবার্তা, অশালীন আচরণ, শিক্ষকের সাথে দুর্ব্যবহার বা অন্য কোনো বদভ্যাস) অবনতি ঘটলে সে জামি'আহ থেকে বহিষ্কৃত হবে।

পরীক্ষা নির্দেশিকা

১. বছরে দুটি পরীক্ষা হবে : (ক) অর্ধ-বার্ষিক (খ) বার্ষিক
২. সমাপনী, জে.ডি.সি ও দাখিল পরীক্ষার প্রস্তুতিমূলক নির্বাচনি পরীক্ষা যথাসময়ে নেওয়া হবে।
৩. জামি'আহ-র নির্ধারিত নিয়মে সাপ্তাহিক ও অন্যান্য পরীক্ষা হবে।
৩. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৯০% উপস্থিতি থাকতে হবে।
৪. প্রাতিষ্ঠানিক সকল বকেয়া পরিশোধ করে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রবেশপত্র গ্রহণ করতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৫. পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে উপস্থিত হতে হবে।
৬. পরীক্ষায় অনিয়মের জন্য বহিষ্কারসহ যে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে।
৭. পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট বিষয়ে অকৃতকার্য বলে গণ্য হবে।
৮. পরীক্ষায় অনুপস্থিতির উপযুক্ত কৈফিয়ত দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী বহিষ্কৃত হবে।
৯. দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে জামি'আহ হতে চলে যেতে হবে।

খাবার তালিকা

বার	সকাল	দুপুর	রাত্রি
শনিবার	খিচুড়ি	মুরগি+ডাল	ভাজি+ডাল
রবিবার	ডাল+ভাজি	মাছ+ডাল	সবজি+ডাল
সোমবার	খিচুড়ি	গোশত (গরু)+ডাল	ভাজি+ডাল
মঙ্গলবার	ডাল+ভাজি	ডিম+ডাল	সবজি+ডাল
বুধবার	খিচুড়ি	মুরগি+ডাল	ভাজি+ডাল
বৃহস্পতিবার	খিচুড়ি	মাছ+ডাল	সবজি+ডাল
শুক্রবার	ডাল+ভর্তা	ডিম+ডাল	ভাজি+ডাল

বি: দ্র:-রুচির পরিবর্তন অনুযায়ী খাবার তালিকা পরিবর্তনযোগ্য।

আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ

২০২১ সালের ভর্তি সংক্রান্ত ফি কাঠামো

আবাসিক নতুন শিক্ষার্থীদের জন্য (সকল শ্রেণি)

ভর্তি ফি	সংস্থাপন ফি	ইছলাহুল বায়ান	বিবিধ	**মোট**
৩,০০০/-	২৫০/-	১০০/-	৩৫০/-	৩,৭০০/-

অনাবাসিক নতুন শিক্ষার্থীদের জন্য (সকল শ্রেণি)

ভর্তি ফি	সংস্থাপন ফি	ইছলাহুল বায়ান	বিবিধ	**মোট**
৩,০০০/-	২৫০/-	১০০/-	৩৫০/-	৩,৭০০/-

২০২১ সালের মাসিক খরচ সংক্রান্ত ফি কাঠামো

আবাসিক শিক্ষার্থীদের জন্য (সকল শ্রেণি)

মাসিক বেতন	ব্যবস্থাপনা ফি	বোর্ডিং ফি	মোট
৩০০/-	২০০/-	১,৬০০/-	২,১০০/-

অনাবাসিক শিক্ষার্থীদের জন্য (সকল শ্রেণি)

মাসিক বেতন	ব্যবস্থাপনা ফি	বোর্ডিং ফি	মোট
৩০০/-	--	--	৩০০/-

২০২১ সালের জন্য সেশন ফি সংক্রান্ত কাঠামো (পুরাতন শিক্ষার্থী)

সেশন ফি	সংস্থাপন ফি	ইছলাহুল বায়ান	বিবিধ	মোট
১,৫০০/-	--	১০০/-	৩৫০/-	১,৯৫০/-

বি: দ্রঃ-এই নীতিমালা ১ জানুয়ারি, ২০২১ সাল থেকে কার্যকর হবে।

এক নযরে প্রতিদিনের কর্মসূচি

১. জামা‘আতে ফজরের ছালাত শেষে মসজিদে দু‘আ পাঠ ও কুরআন তেলাওয়াত করবে।
২. তেলাওয়াত শেষে সকল শিক্ষার্থী নিজ নিজ কক্ষে গিয়ে পড়তে বসবে।
৩. নির্ধারিত সময়ে গোসল ও নাস্তা সেরে ক্লাসে উপস্থিত হবে।
৪. যোহরের ছালাত আদায় করবে। অতঃপর দুপুরের খাবারের পর এক ঘণ্টা বিশ্রাম নিবে।

৫. আছরের পর নির্ধারিত ক্লাস/লেখাপড়া শেষে খেলাধুলা ও প্রয়োজনীয় কাজ সম্পাদন করবে।
৬. মাগরিবের পর থেকে এশা পর্যন্ত লেখাপড়া করবে এবং এশার ছালাতের পর রাতের খাবার শেষে ১১টা পর্যন্ত লেখাপড়া করবে। অতঃপর ঘুমিয়ে যাবে। রাত ১১টার পর কক্ষে বাতি জ্বালিয়ে রাখতে পারবে না।

সিলেবাস

বালক শাখা/বালিকা শাখা

الجامعة السلفية

Al-Jamiah As-Salafiyah

আল-জামি‘আহ আস-সালাফিয়্যাহ

সিলেবাস-২০২১

'আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ'-এর শিক্ষা কোর্স:

'আল-জামি'আহ আস-সালাফিয়্যাহ'-এর শিক্ষার স্তর ৪টি:

১. ইবতেদায়িয়্যাহ বা প্রাথমিক	= ৬ বছর
২. মুতাওয়াসসিত্বাহ বা মাধ্যমিক	= ৫ বছর
৩. ছানাবিয়্যাহ বা উচ্চ মাধ্যমিক	= ২ বছর
৪. ফাযিলিয়্যাত/দাওরা বা উচ্চতর	= ২ বছর
সর্বমোট	= ১৫ বছর

শিশু শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	কুরআন	নযরানা নূরানী ক্বায়েদা
০২	বাংলা	সাহিত্য সম্ভার
০৩	ইংরেজি	একের ভিতর দুই
০৪	গণিত	একের ভিতর দুই
০৫	মাসনূন দু'আ শিক্ষা	আইনে রাসুল দু'আ অধ্যায় (১০টি দু'আ)
০৬	সুন্দর হাতের লিখা	

ইবতেদায়িয়্যাহ উলা-১ম শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	হিফযুল কুরআন	সূরা আল আসর থেকে আন নাস পর্যন্ত
০২	তাজবীদ	ক্বায়েদা তাইসীরুল কুরআন
০৩	হাদীছ মুখস্থ	ছোটদের ছহীহ হাদীছ শিক্ষা
০৪	আক্বীদা	প্রশ্নোত্তরে ছোটদের ছহীহ আক্বীদা শিক্ষা
০৫	মাসনূন দু'আ শিক্ষা	আইনে রাসুল দু'আ অধ্যায় (১০টি দু'আ)
০৬	আরবী সাহিত্য	আদ দুরুসুল আরাবিয়্যা, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড/তা'লীমুল আত্বফাল
০৭	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড/সাহিত্য সম্ভার
০৮	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	সুন্দর হাতের লিখা	
১১	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

ইবতেদায়িয়্যাহ ছানিয়াহ-২য় শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	কুরআন মুখস্থ	তাকাছুর থেকে নাবা পর্যন্ত ২৫টি সূরা
০২	নযরানা	২৯ তম পারা
০৩	হাদীছ মুখস্থ	ছোটদের ছহীহ হাদীছ শিক্ষা
০৪	আক্বীদা	প্রশ্নোত্তরে ছোটদের ছহীহ আক্বীদা শিক্ষা
০৫	উর্দূ	ক্বায়েদা উর্দূ, এমদাদিয়া লাইব্রেরি
০৬	আরবী সাহিত্য	আদ দুরুসুল আরাবিয়্যা, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৭	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৮	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	মাসনূন দু'আ শিক্ষা	আইনে রাসুল দু'আ অধ্যায় (১৫টি দু'আ)
১১	সুন্দর হাতের লিখা	
১২	ইছলাহুল বায়ান ও আখলাক	

ইবতেদায়িয়্যাহ ছালেছাহ-৩য় শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	কুরআন মুখস্থ	২৯ তম পারা ও তাজবীদ
০২	হাদীছ মুখস্থ	ছোটদের ছহীহ হাদীছ শিক্ষা
০৩	আক্বীদা	প্রশ্নোত্তরে ছোটদের ছহীহ আক্বীদা শিক্ষা
০৪	ইনশা	এসো আরবী শিখি (১ম খণ্ড)
০৫	মাসনূন দু'আ শিক্ষা	আইনে রাসুল দু'আ অধ্যায় (২০টি দু'আ)
০৬	উর্দূ	উর্দূ কি পাহেলী কিতাব
০৭	আরবী সাহিত্য	আদ দুরুসুল আরাবিয়্যা, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৮	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১১	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

ইবতেদায়িয়্যাহ রাবেয়াহ-৪র্থ শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	কুরআন মুখস্থ	২৮ তম পারা
০২	হাদীছ মুখস্থ	ছোটদের ছহীহ হাদীছ শিক্ষা
০৩	আক্বীদা	প্রশ্নোত্তরে ছোটদের ছহীহ আক্বীদা শিক্ষা
০৪	উর্দূ	এসো উর্দূ শিখি (আবু তাহের মিছবাহ)
০৫	ইনশা	দুরূসুল লুগাতিল আরাবিয়্যা লিগাইরিন না-তিকীনা বিহা (১ম খণ্ড)
০৬	মাসনূন দু'আ শিক্ষা	আইনে রাসুল দু'আ অধ্যায় (২৫টি দু'আ)
০৭	ছরফ	মীযান ও মুনশাঈব
০৮	আরবী সাহিত্য	আদ দুরুসুল আরাবিয়্যা, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১১	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১২	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

ইবতেদায়িয়্যাহ খামেসাহ-৫ম শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	কুরআন মুখস্থ	২৭ পারা হতে সূরা রহমান, সূরা ওয়াক্বিয়াহ, সূরা হাদীদ
০২	হাদীছ মুখস্থ	ছোটদের ছহীহ হাদীছ শিক্ষা
০৩	ইনশা	এসো আরবী শিখি (১ম খণ্ড)
০৪	ছরফ	মীযান ও মুনশা'ঈব + ছফওয়াতুল মাছাদির
০৫	আরবী সাহিত্য	আদ দুরুসুল আরাবিয়্যা, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৬	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৭	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৮	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	বাংলাদেশ ও বিশ্ব পরিচয়	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	বিজ্ঞান	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১১	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

মুতাওয়াসসিতা উলা-৬ষ্ঠ শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : ২৭তম পারা হতে সূরা ক্বামার, নাজম, তূর ও যারিয়াত তরজমা : ৩০তম পারা
০২	হাদীছ মুখস্থ	ইমাম নববী (রহ.) প্রণীত 'আল-আরবা'ঊন আন-নাবাবিয়্যাহ'
০৩	আক্বীদা	নির্বাচিত আক্বীদা
০৪	আরবী সাহিত্য	আল-ক্বিরাআতুর রাশীদাহ (১ম খণ্ড)
০৫	নাহু	আমীনুন নাহু
০৬	ইনশা	দুরূসুল লুগাতিল আরাবিয়্যা লিগাইরিন না-তিকীনা বিহা (২য় খন্ড) ও দিশারী (নির্বাচিত অংশ)
০৭	ছরফ	আযীযুত ত্বলেবীন
০৮	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১১	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

মুতাওয়াসসিত্বাহ ছানিয়াহ-৭ম শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : ২৬তম পারা হতে সূরা ক্বফ, হুজুরাত, ফাতহ ও মুহাম্মাদ তরজমা : ২৮তম ও ২৯তম পারা
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : বুলুগুল মারাম মিন আদিল্লাতিল আহকাম (শুরু থেকে باب القسم পর্যন্ত)
০৩	আরবী সাহিত্য	আল-ক্বিরাআতুর রাশীদাহ (২য় খণ্ড)
০৪	আক্বীদা	কিতাবুত তাওহীদ
০৫	ইনশা	দুরূসুল লুগাতিল আরাবিয়্যা লিগাইরিন না-তিকীনা বিহা (৩য় খন্ড)
০৬	নাহু	হেদোয়াতুন নাহু
০৭	ছরফ	ইলমুছ ছীগাহ
০৮	বাংলা	সাত সাগরের মাঝি-ফররুখ আহমেদ ও গদ্যাংশ, বোর্ড বই
০৯	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড (গণিত অষ্টম শ্রেণির)
১১	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

মুতাওয়াসসিত্বাহ ছালেছাহ-৮ম শ্রেণী (আলিয়া শাখা)

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : ২৬তম পারা হতে সূরা আহক্বাফ ও জাছিয়া তরজমা : ২৬তম ও ২৭তম পারা
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : বুলুগুল মারাম মিন আদিল্লাতিল আহকাম (بَاب الخلع) থেকে শেষ পর্যন্ত)
০৩	হাদীছ মুখস্থ	
০৪	আরবী ১ম পত্র	আল-লুগাতুল আরাবিয়্যাতুল ইত্তেছালিয়্যাহ
০৫	আরবী ২য় পত্র	কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যা
০৬	বাংলা	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৭	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৮	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	বাংলাদেশ ও বিশ্বপরিচয়	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১১	বিজ্ঞান	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১২	আকাঈদ ও ফিক্বহ	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১৩	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

মুতাওয়াসসিত্বাহ ছালেছাহ-৮ম শ্রেণী (কওমী শাখা)

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : ২৬তম পারা তরজমা : ২৫, ২৬, ২৭তম পারা
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (১০০টি হাদীছ) দিরাসা : বুলুগুল মারাম মিন আদিল্লাতিল আহকাম (শেষ তৃতীয়াংশ)
০৩	আরবী সাহিত্য (নাছর)	নির্বাচিত অধ্যায় (কিসাসুন মিনাত তারীখ, সুওয়ারুন ওয়া খাওয়াতির, আবারাত, আন নাযারাত)
০৪	আরবী সাহিত্য (নাযম)	মাজমু‘আতু মিনান নাজমে ওয়ান নাছর (শুধু কবিতাংশ)
০৫	নাহু	আত তাতবীকুন নাহবী (লিদ্ দিরাসা) মুলহাতুল ই’রাব (লিল হিফয)

০৬	বাংলা	ডা. লুৎফর রহমান রচনাবলী ও এসো কলম মেরামত করি
০৭	ইনশা	মু‘আল্লিমুল ইনশা ১ম খন্ড, দিশারী (মুখস্থ)
০৮	আক্বীদা	ফাতহুল মাজীদ

মুতাওয়াসসিত্বাহ রাবেয়াহ-৯ম শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : ২৫তম পারা দিরাসা : ২১, ২২, ২৩ ও ২৪তম পারা
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : মিশকাতুল মাসাবীহ (১ম খণ্ড)
০৩	আরবী সাহিত্য (নাছর)	মুখতারাত মিন আদাবিল ‘আরাব ও কালিলা দিমনা
০৪	আরবী সাহিত্য (নাযম)	দিওয়ানুল হামাসা (১ম অংশ)
০৫	উছূলে হাদীছ	তাইসীরু মুছত্বালাহিল হাদীছ, ড. মাহমুদ আত-ত্বহহান
০৬	নাহু	শারহুল আশমুনী (১ম খণ্ড)
০৭	আক্বীদা	আল-আক্বীদাতুল ওয়াসিত্বিয়্যাহ (ব্যাখ্যা: ছালেহ ইবনুল ফাওযান)
০৮	বাংলা	সৈয়দ মুজতবা আলী রচনাবলী (নির্বাচিত অধ্যায়)
০৯	ইংরেজি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

মুতাওয়াসসিত্বাহ খামেসাহ-১০ম শ্রেণি

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : ২৫তম পারা হতে সূরা শূরা ও হা-মীম আস-সাজদা তরজমা : সূরা বাক্বারা ও আলে ইমরান
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : মিশকাতুল মাসাবীহ (২য় খণ্ড)
০৩	আরবী সাহিত্য	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৪	ফিক্বহ ও উছূলে ফিক্বহ	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৫	বাংলা ১ম ও ২য় পত্র	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৬	ইংরেজি ১ম পত্র	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৭	ইংরেজি ২য় পত্র	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড

০৮	গণিত	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
০৯	তথ্য ও যোগাযোগপ্রযুক্তি	বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড
১০	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

* বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ড-এর নির্ধারিত বইসমূহ

ছানাবিয়্যাহ-১ম বর্ষ

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	তাফসীর : তাফসীরে জালালাইন (প্রথম ১০ পারা) হিফয : সূরা বাক্বারার ১ম পারা
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : সুনানে তিরমিযী সুনানে ইবনে মাজাহ (নির্বাচিত অধ্যায়)
০৩	উছূলে হাদীছ	কাওয়ায়েদু উছূলিল হাদীছ - ড. আহমাদ উমার হাশেম
০৪	ফিক্বহ	ছহীহ ফিক্বহুস সুন্নাহ - আবু মালেক কামাল আস-সাইয়্যেদ (১ম খণ্ড)
০৫	উছূলে ফিক্বহ	আল-উছূল মিন ইলমিল উছূল–মুহাম্মাদ বিন ছালেহ আল-উছায়মীন
০৬	আরবী সাহিত্য (নাছর)	মুখতারাত (১ম খণ্ড)
০৭	আরবী সাহিত্য (নাযম)	দিওয়ানুল হামাসা (২য় অংশ)
০৮	উছূলে তাফসীর	আল-ফাওযুল কাবীর
০৯	বালাগাত	দুরূসুল বালাগাত
১০	আক্বীদা	শারহুল আক্বীদা আত-ত্বহাবিয়্যাহ (১ম খণ্ড)
১১	নাহু	শারহুল আশমুনী (২য় খণ্ড)
১২	বাংলা সাহিত্য	নজরুল রচনাবলী (নির্বাচিত অধ্যায়)
১৩	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

- **ব্যক্তিগত মুত্বালা'আ :** ইসলামের ইতিহাস- (বোর্ড বই)।
- **প্রবন্ধ লিখন :** বাংলা, আরবী ও ইংরেজিতে কোনো শিক্ষকের অধীনে নির্দিষ্ট কোনো বিষয়ের উপর বছরে একটি করে প্রবন্ধ লিখন।

ছানাবিয়্যাহ-২য় বর্ষ

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : সূরা বাক্বারার ২য় পারা তাফসীর : তাফসীরে জালালাইন (প্রথম ১১ হতে ২০তম পারা)

০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : সুনানে আবু দাঊদ সুনানে নাসাঈ
০৩	উছূলে হাদীছ	তাদরীবুর রাবী (শুরু হতে তাদলীছ এর পূর্ব পর্যন্ত)
০৪	ফিক্বহ	ছহীহ ফিক্বহুস সুন্নাহ (২য় খণ্ড)
০৫	উছূলে ফিক্বহ	ইমতা'উল 'উকূল
০৬	আরবী সাহিত্য (নাছর)	মুখতারাত (২য় খণ্ড)
০৭	আরবী সাহিত্য (নাযম)	সাব'উল মু'আল্লাক্বা
০৮	নাহু	শারহুল আশমুনী (৩য় খণ্ড)
০৯	উছূলে তাফসীর	মাবাহেছ ফী উলূমিল কুরআন-মান্না' আল-ক্বাত্তান
১০	বালাগাত	আল-বালাগাতুল ওয়াযিহা
১১	ফারায়েয	সিরাজী
১২	আক্বীদা	শারহুল আক্বীদা আত-ত্বহাবিয়্যা (২য় খণ্ড)
১৩	বাংলা	গল্পগুচ্ছ – রবীন্দ্রনাথ ঠাকুর (নির্বাচিত গল্প)
১৪	ইংরেজী সাহিত্য	বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড
১৫	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

◆ **ব্যক্তিগত মুত্বালা'আ :** ইসলামের ইতিহাস- (বোর্ড বই)

◆ **প্রবন্ধ লিখন :** বাংলা, আরবী ও ইংরেজিতে কোনো শিক্ষকের অধীনে নির্দিষ্ট কোনো বিষয়ের উপর বছরে একটি করে প্রবন্ধ লিখন।

ফাযিলিয়্যাত/দাওরা-১ম বর্ষ

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : সূরা বাক্বারা ও আলে ইমরান (৩য় পারা) তাফসীর : ইবনু কাছীর, কাশশাফ, মারাগী, ফাতহুল ক্বাদীর *[নির্বাচিত অংশ]*
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : ছহীহ বুখারী (১ম খণ্ড) ছহীহ মুসলিম (১ম খণ্ড)
০৩	ফিক্বহ	ছহীহ ফিক্বহুস সুন্নাহ (৩য় খণ্ড)
০৪	আরবী সাহিত্য (নাছর)	আল-ঈকদুল ফারীদ - মুহাম্মদ আব্দু রব্বিহ (নির্বাচিত অধ্যায়)
০৫	আরবী সাহিত্য (নাযম)	দিওয়ানুল মুতানাব্বী
০৬	আক্বীদা	আল-ফারকু বায়নাল ফিরাক্ব *(বিভিন্ন ধর্মের আক্বীদা ও*

		বিশ্বাস বিশ্লেষণ)
০৭	ইলমুর রিজাল	ইলমুর রিজাল-মুহাম্মাদ মাত্বার আয-যাহরানী
০৮	উছূলে হাদীছ	তাদরীবুর রাবী (তাদলীছ হতে মা'আরিতু ইসনাদিল 'আলী এর পূর্ব পর্যন্ত)
০৯	উছূলে তাফসীর	ইতক্বান/ফাতহুল মান্নান
১০	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

◆ **ব্যক্তিগত মুত্বালা'আহ :** স্বাধীন বাংলাদেশের ইতিহাসসহ ভারত উপমহাদেশের ইতিহাস, গোলাম মূর্তজা।

◆ **প্রবন্ধ লিখন :** বাংলা, আরবী ও ইংরেজিতে কোনো শিক্ষকের অধীনে নির্দিষ্ট কোনো বিষয়ের উপর বছরে একটি করে প্রবন্ধ লিখন।

ফাযিলিয়্যাত/দাওরা-২য় বর্ষ

ক্র. নং	বিষয়	নির্ধারিত পাঠ্যপুস্তক
০১	আল কুরআন	হিফয : সূরা আলে ইমরান ও সূরা নিসা (৪র্থ পারা) তাফসীর : বায়যাবী, কুরতুবী, রাযী *(নির্বাচিত অংশ)*
০২	আল হাদীছ	হিফয : আল-হাদীছুল মুনতাখাব (৫০টি হাদীছ) দিরাসা : ছহীহ বুখারী (২য় খণ্ড) ছহীহ মুসলিম (২য় খণ্ড) মুওআত্ত্বা মালেক
০৩	উছূলে হাদীছ	তাদরীবুর রাবী (মা'আরিফাতু ইসনাদিল 'আলী হতে শেষ পর্যন্ত)
০৪	ইলমুল আসরার	হুজ্জাতুল্লহিল বালিগা।
০৫	উছূলে তাফসীর	আত-তাফসীর ওয়াল মুফাসসিরুন
০৬	ফিক্বহ	বেদায়াতুল মুজতাহিদ ওয়া নেহায়াতুল মুকতাছিদ
০৭	আক্বীদা	মা'আরিজুল ক্ববূল-*হাফেয হাকামী*/আল ফিরাক্ব ওয়াল আদইয়ান
০৮	ইছলাহুল বায়ান ও আমল-আখলাক	

◆ **ব্যক্তিগত মুত্বালা'আ :** ইসলামী অর্থনীতি ও সূদভিত্তিক অর্থনীতি, আধুনিক যুগে ইসলামী অর্থনীতির স্বরূপ।

◆ **প্রবন্ধ লিখন :** বাংলা, আরবী ও ইংরেজিতে কোনো শিক্ষকের অধীনে নির্দিষ্ট কোনো বিষয়ের উপর বছরে একটি করে প্রবন্ধ লিখন এবং নির্দিষ্ট কোন শিক্ষকের অধীনে হাদীছ, উছূলে হাদীছ বা ফিক্বহের ইখতিলাফী কোন মাসআলার উপর একটি করে প্রবন্ধ লিখন।

২০২১ সালের বাৎসরিক ছুটির তালিকা

ক্র: নং	উপলক্ষ্য	তারিখ ও বার	দিন
১	আন্তর্জাতিক মাতৃভাষা দিবস	২১ ফেব্রুয়ারি, রবিবার	১ দিন
২	স্বাধীনতা দিবস	২৬ মার্চ, শুক্রবার	১ দিন
৩	রামাযান ও ঈদুল ফিতর	১০ এপ্রিল, শনিবার – ১৮ মে, মঙ্গলবার	৩৮ দিন
৪	আরাফাহ ও ঈদুল আযহা	১৭ জুলাই, শনিবার – ২৮ জুলাই, বৃহস্পতিবার	১১ দিন
৫	আশুরা মুহাররম	১০ আগস্ট, শুক্রবার ও ১২ আগস্ট, শনিবার	১ দিন
৬	বিজয় দিবস	১৬ ডিসেম্বর, বৃহস্পতিবার	১ দিন
৭	অধ্যক্ষের সংরক্ষিত ছুটি		৩ দিন
		মোট	৫৬ দিন

*** হিফয বিভাগের জন্য রামাযান ও ঈদুল ফিতরের ছুটি ১২দিন।**

২০২১ সালের পরীক্ষার সময়সূচি

ক্র: নং	পরীক্ষার নাম	তারিখ ও বার	ফল প্রকাশ
১	অর্ধ-বার্ষিক (ক্লাস বিরতি)	২১ জুন, সোমবার-২৮ জুন, সোমবার	১৫ জুলাই
	পরীক্ষা	২৯ জুন, মঙ্গলবার-১২ জুলাই, সোমবার	
২	৫ম শ্রেণি নির্বাচনী	বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে	
৩	৮ম শ্রেণি নির্বাচনী	বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে	
৪	১০ শ্রেণি নির্বাচনী	বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে	
৫	বার্ষিক (ক্লাস বিরতি)	১ ডিসেম্বর, বুধবার–৭ ডিসেম্বর, মঙ্গলবার	২৬ ডিসেম্বর
	পরীক্ষা	৮ ডিসেম্বর, বুধবার–২১ ডিসেম্বর, মঙ্গলবার	

ক্লাস রুটিন: অফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لَّا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوْبُ إِلَيْكَ.

****